

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০১০
সাব্বু, ০১ মার্চ, ২০২৪

৭৭তম মহামুনি উৎসব ও মেলা
মনু বনকুল মহামুনি বুদ্ধমন্দিরে প্রস্তুতি সভা

৭৭তম মহামুনি উৎসব ও মেলা আগামী ২৪ থেকে ২৮ মার্চ পর্যন্ত সাব্বুের মনু বনকুল মহামুনি বুদ্ধমন্দির প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, সাব্বু মহকুমা প্রশাসন, রূপাইছড়ি ব্লক প্রশাসন ও মহামুনি ডেভেলপমেন্ট সোসাইটি-র যৌথ উদ্যোগে ৫ দিনব্যাপী এই উৎসব ও মেলা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে গত ২৮ মার্চ মনু বনকুল মহামুনি বুদ্ধমন্দিরে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফু মগ, সাব্বু মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, রূপাইছড়ি ব্লকের বিডিও অভিজিৎ মজুমদার, মহকুমা বন আধিকারিক সিদ্ধার্থ দেববর্মা, মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ ও মহামুনি ডেভেলপমেন্ট সোসাইটির প্রতিনিধিগণ। প্রস্তুতি সভায় মহামুনি উৎসব ও মেলাকে সফল করে তুলতে উপদেষ্টা কমিটি, প্রস্তুতি কমিটি ও বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়েছে।
